দৈনিক ইনকিলাব

APR. 02 [redacted]
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

# জাতিসংঘ বৃত্তি

জাতিসংঘের পরিচালনাধীন বিভিন্ন সংস্থা জাতিসংঘের সদস্য রাষ্ট্রে নানা প্রকার উন্নয়ন ও প্রশিক্ষণ কাজে বিশ্বব্যাপী কার্যক্রম পরিচালনা করছে। জাতিসংঘের বিভিন্ন উন্নয়ন ও সাহায্য সংস্থার উল্লেখযোগ্য হচ্ছে- UNDP, WHO, FAO, UNDRO, UNDF, UNIDO, UNHCR, UNCDF, UNICEF, UNITAR, UNRISH, UNN, UNHHSF, UNFPA, UNCTEF প্রভৃতি। এসব সংস্থার কোন কোনটি বিশ্বব্যাপী (কেবল মাত্র সদস্য রাষ্ট্রে) বিভিন্ন বিষয়ের উপর উচ্চ শিক্ষা প্রশিক্ষণ এবং গবেষণার জন্য স্কলারশিপ প্রদান করে।

বাংলাদেশ জাতিসংঘের একটি সদস্য রাষ্ট্র। তাই-এ দেশের ছাত্রছাত্রীরাও জাতিসংঘের বিভিন্ন সাহায্য ও উন্নয়ন সংস্থা কর্তৃক প্রবর্তিত বৃত্তির জন্য আবেদন করতে পারবে। জাতিসংঘের সকল সাহায্য ও উন্নয়ন সংস্থা শিক্ষা ও গবেষণার জন্য বৃত্তি প্রদান করে না। তাই তারুণ্যের বন্ধুদের জন্য কিছু বৃত্তি প্রদানকারী সংস্থার নাম ও ঠিকানা তুলে ধরেছি।

WHO এটি জাতিসংঘের বিশ্ব খাদ্য সংস্থা। WHO-এর সদর দপ্তর ফ্রান্সে অবস্থিত। এই সংস্থা একটি ভিজিটিং ফেলোশিপসহ প্রতি বছর ১৫টি রিসার্চ ট্রেনিং ফেলোশিপ প্রদান করে থাকে। কেবল পোস্ট ডক্টরাল পর্যায়ে এই ফেলোশিপ প্রদান করা হয়। যোগাযোগের ঠিকানা : WORLD HEALTH ORGANIZATION (WHO), 150 COURSE ALBTTHOMAS, 69372 LYON CEDEX, FRANCE.

FAO এটি জাতিসংঘের অধীন খাদ্য ও কৃষি সংস্থা। এর সদর দফতর ইতালির রাজধানী রোমে অবস্থিত। FAO সংস্থা প্রতি বছর এগ্রিকালচার; ফিসারিজ, পুষ্টিবিদ্যা, বনায়ন, অর্থনীতি এবং পরিসংখ্যানের উপর ANDER MAYER RESEARCH ফেলোশিপ এবং TECHNICAL ASSISTANCE ফেলোশিপ নামে দুই ধরনের ফেলোশিপ প্রদান করে থাকে। যোগাযোগের ঠিকানা : FOOD AND AGRICULTURAL ORGANIZATION OF THE UNITED NATIONS VIALE DELLETERMED CARACLLA-00100 ROMA, ITALY.

UNESCO জাতিসংঘের অধীন এই সংস্থাটির নাম শিক্ষা বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা। এই সংস্থার সদর দফতর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। সংস্থাটি শিক্ষা বিজ্ঞান, প্রযুক্তি, সামাজিক বিজ্ঞান, মানবিক বিজ্ঞান, সংস্কৃতি এবং অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের ওপর ৯ মাস মেয়াদী ফেলোশিপ প্রদান করে। যোগাযোগের ঠিকানা : UNITED NATIONS EDUCATIONAL SCIENTIFIC AND CULTURAL ORGANIZATION. 7, PLACEDEF ON TENONY-75362 PARIS-07, FRANCE.

এছাড়া জাতিসংঘের অন্যান্য সংস্থা বৃত্তি প্রদান করে থাকে। তাই ঢাকাস্থ জাতিসংঘের কার্যালয়ে আপনি যোগাযোগ করতে পারেন।

□ আমীরুল হক